



সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/০৯

তারিখঃ ০৯/০১/২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ বন্ড লাইসেন্সের আওতায় শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বেনাপোল কাস্টম হাউস, ভোমরা, সোণামসজিদ ও বাংলাবান্ধা কাস্টমস স্টেশনের মাধ্যমে সুতা আমদানি প্রসঙ্গে।

সূত্রঃ (ক) জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং ০১/২০২৩/কাস্টমস, তারিখঃ ০৮/১১/২০২৩।

(খ) জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং ২৪/২০১১/শুল্ক, তারিখঃ ০৭/১১/২০১১।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।


আপনাদের সকলের অবগতির জন্য অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, বেনাপোল, ভোমরা, সোণামসজিদ, বাংলাবান্ধা কাস্টমস স্টেশনের মাধ্যমে সুতা আমদানির ক্ষেত্রে আংশিক শিপমেন্ট (Partial Shipment) এর জটিলতা নিরসন করে জাতীয় রাজস্ব বোর্ড সূত্রোক্ত 'ক' আদেশ জারী করেছে। যা আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

আপনারা জানেন যে, জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত 'খ' আদেশের 'চ' শর্তের কারণে একাধিক শিপমেন্টের মাধ্যমে সুতা আমদানি করার ক্ষেত্রে বাধ্যবাধকতা ছিল এবং একটি শিপমেন্টের মাধ্যমে সুতা আমদানি করতে হতো। যার ফলে সুতা আমদানির ক্ষেত্রে নানাবিধ জটিলতা দেখা দেয়। সুতা আমদানি ও আংশিক শিপমেন্ট (Partial Shipment) এর জটিলতা নিরসনের জন্য বিজিএমইএ হতে দীর্ঘদিন যাবৎ জাতীয় রাজস্ব বোর্ডকে অনুরোধ জানানো হচ্ছে এবং বিজিএমইএ'র প্রতিনিধিগণ বিভিন্ন সভায় মিলিত হন।

বিজিএমইএ'র প্রচেষ্টার ফলশ্রুতিতে জাতীয় রাজস্ব বোর্ড সুতা আমদানিতে আংশিক শিপমেন্ট (Partial Shipment) এর শর্ত বাতিল করে সংশোধিত সূত্রোক্ত 'ক' আদেশ জারী করেছে। উক্ত আদেশ জারীর ফলে বেনাপোল, ভোমরা, সোণামসজিদ, বাংলাবান্ধা কাস্টম স্টেশনের মাধ্যমে সুতা আমদানি ও আংশিক শিপমেন্ট (Partial Shipment) এর জটিলতা পরিহার করে দ্রুততার সাথে আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদন করা যাবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

  
ফারুক হাসান  
সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

Shahinur-customs

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
সেগুনবাগিচা, ঢাকা।  
[কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি শাখা]

“আদেশ”

আদেশ নং- ০১/২০২৩/কাস্টমস

তারিখ: ০৮/০১/২০২৩খ্রি।

বিষয়: এস.আর.ও নং- ৩৭-আইন/২০২২/৫৩/কাস্টমস; তারিখ: ২৪ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি. (সংশোধনী- এস.আর.ও নং- ৩৬৮-আইন/২০২২/১৩৯/কাস্টমস; তারিখ: ২১ ডিসেম্বর, ২০২২ খ্রি. সহ) মোতাবেক কাস্টমস বন্ড লাইসেন্স প্রাপ্ত শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বেনাপোল কাস্টম হাউস, ভোমরা, সোনামসজিদ, বাংলাবান্ধা কাস্টমস স্টেশনের মাধ্যমে সুতা আমদানি প্রসংগে।

বিষয়োল্লিখিত এসআরও অনুযায়ী কাস্টমস বন্ড লাইসেন্স প্রাপ্ত শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বেনাপোল কাস্টম হাউস, ভোমরা, সোনামসজিদ, বাংলাবান্ধা কাস্টমস স্টেশনের মাধ্যমে নিম্নরূপ শর্তে সুতা আমদানি করা যাবে:

শর্তাদি

- (ক) বন্ড কমিশনারেট হতে প্রাপ্ত বৈধ বন্ড লাইসেন্সের বিপরীতে লাইসেন্সের মেয়াদ থাকা সাপেক্ষে সুতা আমদানিযোগ্য হবে;
- (খ) বন্ড কমিশনারেট কর্তৃক নির্ধারিত বার্ষিক আমদানি প্রাপ্যতার ভিত্তিতে আমদানি করতে হবে;
- (গ) Back to Back LC এর বিপরীতে আমদানিযোগ্য হবে;
- (ঘ) পণ্যের শুল্কায়নকালে ওজন নিশ্চিত করতে হবে। এছাড়াও, দৈবচয়নের ভিত্তিতে পণ্যের কায়িক পরীক্ষা সম্পন্ন করতে হবে;
- (ঙ) ইউডি'র বিপরীতে আমদানি সমন্বয়যোগ্য হবে;
- (চ) খালাসোত্তর আমদানি তথ্য বেনাপোল কাস্টম হাউস কর্তৃক একটি নির্দিষ্ট ছকে বন্ড কমিশনারেট এবং সংশ্লিষ্ট ব্যাংককে তাৎক্ষণিকভাবে ইমেইলে জানাতে হবে;
- (ছ) বন্ড কমিশনারেট প্রাপ্ত তথ্যসমূহের ভিত্তিতে সংশ্লিষ্ট বন্ডারের বন্ডেড গুদামে পণ্য in bond কার্যক্রম সম্পাদিত হয়েছে কিনা এবং পাশ বইয়ে লিপিবদ্ধ করা হয়েছে কিনা ইত্যাদি বিষয় যাচাই করবে। এছাড়া, আমদানি-রপ্তানি বিষয়ে কাস্টম হাউস, বেনাপোল কর্তৃক প্রেরিত তথ্য এবং সংশ্লিষ্ট ব্যাংক দলিলাদি যাচাই করবে। কোন অনিয়ম পরিলক্ষিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (জ) এ বিষয়ে বন্ড কমিশনারেট প্রতি মাসে জাতীয় রাজস্ব বোর্ডে (কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখায়) প্রতিষ্ঠান ভিত্তিক আমদানি-রপ্তানি তথ্য সম্বলিত একটি প্রতিবেদন প্রেরণ করবে। প্রতিবেদনের সাথে এর সফট কপি (Excel Format-এ) প্রেরণ করতে হবে;

০২। এতদবিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং- ২৪/২০১১, তারিখ- ০৭/১২/২০১১ এতদ্বারা বাতিল করা হলো।

০৩। The Customs Act'1969 এর Section 219(B) এর ক্ষমতাবলে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(ওমর মবিন)

দ্বিতীয় সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)

ফোন: +৮৮০২ ৪৮৩১৮১০৪ (এক্স-৩০৫)

ই-মেইল: cus.ita.nbr@gmail.com

নথি নং- ০৮.০১.০০০০.০৫৫.৩৭.০০১.২০(অংশ-২)/ ০২

তারিখ: ০৮/০১/২০২৩ খ্রি।

বিতরণ কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি/পানগাঁও।


২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/চট্টগ্রাম।

৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/

কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট।



- ৪। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ৫। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ৬। প্রথম সচিব (কাস্টমস)-সকল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৭। পরিচালক, ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, হেড অফিস, মতিঝিল বা/এ, ঢাকা [তাকে উক্ত আদেশ মোতাবেক ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এলসি (ঋণপত্র) ওপেনকারী সংশ্লিষ্ট সকল ব্যাংককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো]।
- ৮। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, মতিঝিল, ঢাকা।
- ৯। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
- ১০। সভাপতি, বিকেএমইএ, প্ল্যানার্স টাওয়ার, বাংলামোটর, ঢাকা।
- ১১। সভাপতি, বিটিএমইএ, ইউনিক সেন্টার, কাওরান বাজার, ঢাকা।

  
(ওমর মবিন) 08/01/2023

দ্বিতীয় সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
মাসুদ স্কয়ার  
সেতলবাগিচা, ঢাকা।

"আদেশ"

তারিখঃ ০৭/১২/২০১১

স্মারকসংখ্যা: ২৪/২০১১/০৬

ক্রমিক  
সংখ্যা  
তারিখ  
০১/১২  
০২/১২  
০৩/১২  
০৪/১২  
০৫/১২  
০৬/১২  
০৭/১২  
০৮/১২  
০৯/১২  
১০/১২  
১১/১২  
১২/১২  
১৩/১২  
১৪/১২  
১৫/১২  
১৬/১২  
১৭/১২  
১৮/১২  
১৯/১২  
২০/১২  
২১/১২  
২২/১২  
২৩/১২  
২৪/১২  
২৫/১২  
২৬/১২  
২৭/১২  
২৮/১২  
২৯/১২  
৩০/১২  
৩১/১২

এস.আর.ও নং- ২৬২/২০০৯/৩৬, তারিখ- ১১/০৬/২০০৯ মোতাবেক কাস্টমস্ বন্ড সাইসেপ গ্রাফ সফটওয়্যার নীট পোষাক উৎপাদনকারী এবং রপ্তান ও নীট সফটওয়্যার উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক বেনাপোল ডক জবনের মাধ্যমে সুতা আমদানি প্রসারণে।

বিষয়ে উল্লিখিত এস.আর.ও অনুযায়ী বন্ড সাইসেপ নীট সফটওয়্যার উৎপাদনকারী প্রতিষ্ঠান, যতেন ফেরিক উৎপাদনকারী প্রতিষ্ঠান এবং সফটওয়্যার নীট পোষাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক নিম্নের শর্তে বেনাপোল ডক জবনের মাধ্যমে সুতা আমদানি করা যাবে :

**শর্তাবলি**

- (ক) বন্ড কমিশনারেট প্রাপ্ত বন্ড সাইসেপের বিপরীতে সাইসেপের মেয়াদ বাকী সাপেক্ষে সুতা আমদানিযোগ্য হবে।
- (খ) বন্ড কমিশনারেট কর্তৃক নির্ধারিত বার্ষিক আমদানি ব্যয়সীমার ভিত্তিতে আমদানি করতে হবে।
- (গ) Back to Back L/C এর বিপরীতে আমদানিযোগ্য হবে।
- (ঘ) পণ্যের ভরসামতক্রমে রক্তা নিশিত করতে হবে। এছাড়াও, পৈত্রচয়নের নিয়মিত পণ্যের কর্তৃত্ব পরীক্ষা সম্পন্ন করতে হবে।
- (ঙ) ইতিমধ্যে বিপরীতে আমদানি সম্পন্নযোগ্য হবে।
- (চ) একটি এনআই এর অধীনে একত্রিত শিপমেন্টে সুতা আমদানি করা যাবে না, একটি শিপমেন্টেই আমদানি করতে হবে।
- (ছ) বাংলাদেশ আমদানি তথ্য কেন্দ্রপাল সিস্টেম হারিস কর্তৃক একটি নির্দিষ্ট হারে বন্ড কমিশনারেট এবং সংশ্লিষ্ট ব্যাংককে তথ্যস্বত্বক্রমে ফরাসিযোগ্য আনাতে হবে।
- (জ) বন্ড কমিশনারেট প্রাপ্ত তথ্যসমূহের ভিত্তিতে পর্যাপ্ত পত্রের বকেয়া ধরামে পর্যা in Bond কার্গো সম্পর্কিত হওয়াতে কিংবা এনআই নীট পোষাক নির্দিষ্ট করা হওয়াতে কিংবা ইতিমধ্যে বিপরীতে মাফি করা হবে। এছাড়া, আমদানি-ফরাসি বিপরীতে বন্ড জবন, বেনাপোল কর্তৃক প্রেরিত তথ্য এবং সংশ্লিষ্ট ব্যাংক পরিচালনা যাচাই করতে হবে। কোন অনিয়ম পরিলক্ষিত হলে অস্থানীয় ব্যাংক গ্রহণ করতে হবে।
- (ঝ) এ বিষয়ে বন্ড কমিশনারেট প্রতি মাসে জাতীয় রাজস্ব বোর্ডে (রপ্তানি ও বন্ড শাখায়) প্রতিষ্ঠানে ডিফিন্ড অফিসারের-প্রদত্ত তথ্য সংশ্লিষ্ট একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে। প্রতিবেদনের সাথে এক সফট ফর্ম (Excel Format-এ) প্রেরণ করতে হবে।

- ০২. এতদধীনকার্যে জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং- ১৬/২০০৯, তারিখ- ২৪/০২/২০০৯ প্রযোজ্য রাখা হবে।
- ০৩. এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-  
(মোহাম্মদ আব্দুল হামিদ)  
বিজ্ঞান পরিচালক (স্বাক্ষর আনুষ্ঠানিক ব্যক্তি ও মুদ্রা)  
ফোন-৯৩৩৩১১৪

তারিখঃ ০৭/১২/২০১১

নাম নং- ৬(২০) তফাৎ আনুষ্ঠানিক/পণ্য নিয়ন্ত্রণ/২০০৭(সংশ-১)/ ৩৫৯

- কৃষি বিতরণ (পেট্রোলিয়াম জরুরি পণ্য):
- (১) কমিশনার, স্বাক্ষর, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি, ঢাকা/মংলা/বেনাপোল।
  - (২) কমিশনার, কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা।
  - (৩) কমিশনার, কাস্টমস্ এন্ড ইন্সপেকশন ও জাতি কমিশনারেট, ঢাকা/উত্তর/দক্ষিণ/সিলেট/রাঙ্গামাটি/খুলনা/খোন্দার/সিলেট।
  - (৪) মহাপরিচালক, স্বাক্ষর পোর্টাল ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
  - (৫) প্রথম সচিব (স্বাক্ষর)-সকল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
  - (৬) জেনারেল ম্যানেজার, মরেনা এক্সপোর্ট পলিসি ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, হেড অফিস, মিরিকিল ল্যান্ড, ঢাকা। (বৈধক উক্ত আদেশ মোতাবেক ব্যবস্থা গ্রহণের মাফে এনআই (স্বাক্ষর) জরুরি কারী সংশ্লিষ্ট সকল ব্যাংককে প্রয়োজনীয় নির্দেশনা জানানোর জন্য অনুরোধ করা হওয়া।)
  - (৭) সচিব, মেজাজুদ্দীন আব বাংলাদেশ চেম্বার অব কমার্শ এন্ড ইন্ডাস্ট্রি, ৬৩, মিরিকিল ল্যান্ড, ঢাকা-১০০০।
  - (৮) সচিব, বিজ্ঞান পরিচালক, বিজ্ঞানমন্ত্রণালয়, কম্প্লেক্স, ২২/১, পাটুলি মিডল রোড, ঢাকা।
  - (৯) সচিব, বিজ্ঞান পরিচালক, প্রানাম টেক্সটাইল (১২ তলা), পোনাবাগিচাও রোড, ঢাকা।
  - (১০) সচিব, বিজ্ঞান পরিচালক, ইন্ডিয়ান সেন্টার, পোজেন-৬, পাটুলি, কাঞ্চন বাজার, ঢাকা।

(মোহাম্মদ আব্দুল হামিদ)  
বিজ্ঞান পরিচালক (স্বাক্ষর আনুষ্ঠানিক ব্যক্তি ও মুদ্রা)